

# তিন বছরের মধ্যেই নতুন ঢাকা উপহার দিতে চাই: আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৭ আগস্ট ২০১৬, ১৯:০২

হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সামনে বহুল প্রতীক্ষিত ফুটওভার ব্রিজটি বুধবার দুপুরে পায়রা উড়িয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। এ সময় তিনি বলেন, আগামী ৩ বছরের মধ্যে সম্পূর্ণ নতুন ঢাকা উপহার দিতে চাই। এ ফুটওভার ব্রিজ সেই উদ্যোগের একটি ক্ষুদ্র অংশ। খিলক্ষেত এবং রেডিসন হোটেলের সামনে একই



ফুটওভার ব্রিজ উদ্বোধন করছেন মেয়র আনিসুল হক

মানের আরও দু'টি ফুটওভার ব্রিজ শিগগিরই নির্মাণ করা হবে বলে ঘোষণা দেন তিনি। ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) জানিয়েছে, ব্যস্ততম ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের ওপর আধুনিক স্থাপত্য শৈলীতে নির্মিত স্টিলের ফুটওভার ব্রিজটি শিশু ও বয়স্কবান্ধব। এতে ওঠার জন্য রয়েছে চলন্ত সিঁড়ির সুবিধা। নারায়ণগঞ্জে অবস্থিত বাংলাদেশ নৌবাহিনীর ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড এটি নির্মাণ করেছে। এতে ডিএনসিসির ব্যয় হয়েছে প্রায় ৪ কোটি ৮৪ লাখ টাকা। ৬৩.৪০ মিটার (প্রায় ২০৮ ফুট) দৈর্ঘ্য এবং ২.৩০ মিটার (সোড়ে ৭ ফুট) প্রস্থের এ ফুটওভার ব্রিজটির তলদেশ রাস্তা থেকে প্রায় ৬.৫০ মিটার (২১ ফুট ৩ ইঞ্চি) উঁচু। ব্রিজের ছাউনিতে গ্লাস ফাইবারের শিট ব্যবহারের ফলে খরতাপ থেকে কিছুটা রক্ষা পাওয়া যাবে। রাতে চলাচলের জন্য ব্রিজটিতে রয়েছে পর্যাপ্ত আলোর ব্যবস্থা।

উত্তরার অধিবাসীদের উদ্দেশ্যে মেয়র বলেন, বিগত ১০ বছরে রাস্তাঘাটের এমন উন্নয়ন তারা দেখেননি। তিনি বলেন, রাস্তাঘাটে আগে যেসব আবর্জনা স্তুপাকারে পড়ে থাকত, তার শতকরা ৯০ ভাগ ইতোমধ্যেই অপসারণ করা হয়েছে। অবশিষ্ট আবর্জনা অপসারণে তিনি নগরবাসীর সহযোগিতা কামনা করেন।

মেয়র তার বক্তব্যে মহনগরীর নিরাপত্তা বিধানে সিসি ক্যামেরা স্থাপন, যানজট নিরসনে বিশেষ সার্কুলার বাস সার্ভিস ও রিকশা সার্ভিস চালু করা, সবুজায়নের জন্য রাস্তার মধ্যবর্তী মিডিয়ান, ফুটওভার ব্রিজ এবং বাড়ি বাড়ি নানা ধরনের ফুল, ফল ও অন্যান্য গাছ লাগানোর উদ্যোগের পাশাপাশি সম্প্রতি চালু হওয়া ‘নগর’ অ্যাপের বিষয়ে বিশেষভাবে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ডিএনসিসি’র প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুল ইসলাম, প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল সাঈদ আনোয়ারুল ইসলাম, সদ্য যোগদানকৃত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কমোডর আব্দুর রাজ্জাক, সদ্য সাবেক প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা ক্যাপ্টেন বিপন কুমার সাহা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল এসএম সালেহ ভূঁইয়া, নারায়ণগঞ্জ ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ক্যাপ্টেন এসআইএম জাহান ইয়ার, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. আবসার উদ্দিনসহ ডিএনসিসি, বাংলাদেশ নৌবাহিনী এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, নির্মাণ কাজ শেষ হওয়ার আগেই গত ৪ আগস্ট ফুটওভার ব্রিজটি হজযাত্রীদের চলাচলের জন্য খুলে দেওয়া হয়।